



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়



লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা

লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, EINN-১০৮২৫১, কলেজ কোড-৬৪৪৭
Website: www.lalmatiamohilacollege.edu.bd, E-mail: lalmatiagirlscollege@yahoo.com,

স্মারক নং- ১৪/০৭-৩০৪৬১

তারিখ: ১৫.০৭.২০২৪

**২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ভর্তি কার্যক্রমে অনলাইন
প্রাথমিক আবেদনের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের অনার্স (প্রফেশনাল) বিষয় : বিবিএ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ (সম্মান) প্রফেশনাল কোর্সে ভর্তির কার্যক্রমে অনলাইনে প্রাথমিক আবেদন ১২/০৯/২০২৪ থেকে ২৫/০৯/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত চলবে।

ভর্তির যোগ্যতা: ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক/বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০২১/২০২২/২০২৩ সালের এইচএসসি ও সম্মান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ২.৫ এবং ২০১৯/২০২০/২০২১ সালের এসএসসি/সম্মান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।


খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র ক) এইচএসসি (ভোকেশনাল) খ) এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি) গ) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এছাড়াও O-Level/ A-Level পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাও জাতীয় বিশ্ববিদ্যালয়ের শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

আবেদন প্রক্রিয়া: আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Professional Tab এ Apply Now (Hons. Professional) অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সম্মান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবোর্ড, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female অথবা Female স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলায় লালমাটিয়া সরকারি মহিলা কলেজ সিলেক্ট করলে ভর্তি যোগ্য কোর্সের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্বকর্তার সাথে তার প্রার্থিত কোর্স পছন্দক্রম নির্ধারণ করতে হবে। অতঃপর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি মাপ হবে 120 X 150 pixels, Image Type: Jpg এবং maximum file size : 50Kb. প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে।

বিস্তারিত জানতে ভিজিট করুন: জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) ও কলেজের ওয়েব সাইট (www.lalmatiamohilacollege.edu.bd).

আগামী ২৬/০৯/২০২৪ খ্রি. তারিখের মধ্যে কলেজে উপস্থিত হয়ে প্রাথমিক আবেদন ফরম ও ফি বাবদ ৩৫০/- (তিন পঞ্চাশ) টাকা ০২ নং কাউন্টারে জমা দিয়ে জমা রশিদ সংগ্রহ করতে হবে। আবেদন ফরমের সাথে এসএসসি ও এইচএসসি পরীক্ষা পাসের নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে।

যে সকল শিক্ষার্থী ৩৫০/- টাকা জমা দিবে তাদের প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা হবে। কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন হলে শিক্ষার্থীদের মোবাইল নম্বরে SMS যাবে। এছাড়াও www.nu.ac.bd/admissions এ Applicant Login গিয়ে রোল নম্বর ও পিন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিয়ে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হয়েছে কি না তা জানা যাবে।


অধ্যক্ষ

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।


১২.৭.২০২৪